দৈনিক ইত্তেফাক

তারিখ 12 OCT 1993
পৃষ্ঠা ... কলাম ...

১৩

## ৫টি সরকারী কলেজ শিক্ষক সংগঠন ঐক্যবদ্ধ হইতেছে

ইত্তেফাক রিপোর্ট ॥ ২৩৩টি সরকারী কলেজের শিক্ষা ক্যাডারের ১১ হাজার অধ্যাপক ও প্রভাষকের ৫টি সংগঠন একক সংগঠনে ঐক্যবদ্ধ হইবার জন্য কলেজ বা জেলাভিত্তিক নির্বাচন কেন্দ্রে প্রত্যক্ষ ভোটে কেন্দ্রীয় কমিটি গঠনের সিদ্ধান্ত নিয়াছে। নির্বাচন না হওয়া পর্যন্ত ন্যূনতম দাবী ও কর্মসূচীর ভিত্তিতে

(৪র্থ পৃ: দ্র: )

## ৫টি সরকারী কলেজ শিক্ষক

(৩য় পৃ: পর)

৫টি সংগঠন ঐক্যবদ্ধ আন্দোলন করিবে। ১৭ই অক্টোবর ঢাকা কলেজে পরবর্তী বৈঠকে এ ব্যাপারে চূড়ান্ত রূপরেখা প্রণয়ন করা হইবে। ৫টি সংগঠনের মধ্যে যোগাযোগ রক্ষার জন্য অধ্যাপক এস,এম হাতেম আলীকে আহ্বায়ক করিয়া লিয়াজোঁ কমিটি গঠিত হইয়াছে।

৮ অক্টোবর ইডেন কলেজ মিলনায়তনে অধ্যক্ষা জাহানারা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সরকারী কলেজ শিক্ষক পরিষদ, সরকারী কলেজ, অধ্যাপক সমিতি, প্রভাষক সমিতি, বিসিএস শিক্ষা (সাধারণ) সমিতি ও লিয়াজোঁ কমিটি উপস্থিত ছিলেন।